## ১. ভোটার তালিকা স্পেশাল ইনটেনসিভ রিভিশন (SIR) বা বিশেষ নিবিড় সংশোধন কি?

ভারতের নির্বাচন কমিশন, ভারতীয় সংবিধানের ৩২৪ অনুচ্ছেদ এবং জনপ্রতিনিধি আইন ১৯৫০ এর ধারা ২১ প্রয়োগ করে আমাদের রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনের নির্দেশ দিয়েছে। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের সময় প্রতিটি বিধানসভা ক্ষেত্রের নির্বাচনী নিবন্ধন আধিকারিক (ERO) ভোটার তালিকা থেকে যাতে কোন যোগ্য নাগরিক বাদ না পড়েন এবং কোন অযোগ্য ব্যক্তি ভোটার তালিকাভুক্ত না হয় তা সুনিশ্চিত করবেন।

এজন্য ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি করার আগে প্রত্যেক ব্যক্তির যোগ্যতা সম্পর্কে নির্বাচনী নিবন্ধন আধিকারিকেরা (ERO) নিশ্চিত হয়ে নেবেন।

## ২. এনুমারেশান / গণনা ফর্ম কী?

বিশেষ নিবিড় সংশোধন (SIR) চলাকালীন, আপনার নাম যদি ২৭/১০/২০২৫ তারিখের ভোটার তালিকায় থাকে, তাহলে ভোটার তালিকায় নামের যোগ্যতা যাচাই করার জন্য এনুমারেশান/ গণনা ফর্মটি পূরণ করে সই করে জমা করতে হবে। আপনার অবর্তমানে পরিবারের অন্য কেউও আপনার সঙ্গে সম্পর্কের উল্লেখ করে ফর্ম জমা দিতে ও পারেন।

আপনি আপনার বাড়িতে বিএলও-এর মাধ্যমে এই ফর্মের দুটি কপি পাবেন।
অথবা, আপনি এই ফর্ম টি https://voters.eci.gov.in অথবা ECINET অ্যাপ থেকে অনলাইনে জমা করতে পারবেন।

## ৩. এনুমারেশান/ গণনা ফর্ম কোথায় এবং কিভাবে পাওয়া যাবে ?

এনুমারেশান ফর্ম / গণনা ফর্ম বুথ লেভেল আধিকারিকের থেকে পাবেন। প্রত্যেক ভোটারকে নাম, ছবি, ভোটার তালিকায় থাকা ঠিকানা এবং অন্যান্য তথ্যাদি সমেত দু কপি এনুমারেশান ফর্ম / গণনা ফর্ম বুথ লেভেল আধিকারিক (BLO) বাড়িতে গিয়ে সরবরাহ করবেন।
যদি কোন ভোটার অনলাইনে ECINET অ্যাপ অথবা voters.eci.gov.in ব্যবহার করেন তাহলে তিনি নিজেই **ফর্ম** পূরণ করে জমা দিতে পারবেন।

**৪. এনুমারেশান ফর্ম বা গণনা ফর্ম কোথায় জমা করা যাবে ?**

এনুমারেশান ফর্ম পূরণ করে নিজের সই করার পর নথিসহ বুথ লেবেল আধিকারিক (BLO) এর কাছে জমা করতে পারবেন।
যদি কোন কারনে ভোটার নিজের বাসস্থান থেকে বাইরে থাকেন অথবা যদি ইচ্ছে করেন, তাহলে তিনি ECINET অ্যাপ বা voters.eci.gov.in - এ গণনা ফর্ম জমা করতে পারবেন।

সই করা ফর্ম নিজে অথবা পরিবারের কোন সদস্যের মাধ্যমে সরাসরি বুথ লেবেল আধিকারিক (BLO) কাছেও জমা করতে পারবেন।

**৫. এনুমারেশান ফর্ম** বা গণনা **ফর্ম** জমা করা শেষ তারিখ কি?
এনুমারেশন ফর্ম বা গণনা ফর্ম বিএলওর (BLO) কাছে বা অনলাইনে জমা করার শেষ তারিখ **৪ঠা ডিসেম্বর ২০২৫**

**৭. আপনার এলাকার বুথ লেভেল অফিসার বা বিএলও কে তা কিভাবে জানবেন ?**

বিএলও (BLO) হলেন আপনার বুথ এলাকার নির্বাচনী কাজের জন্য ভারতের নির্বাচন কমিশনের নির্দেশে নির্বাচনী নিবন্ধন আধিকারিক (ERO) দ্বারা নিয়োজিত আধিকারিক। বুথ লেভেল অফিসার (বিএলও) স্থানীয় ভোটারদের সাথে পরিচিত আছেন এবং যিনি বাড়িতে বাড়িতে যাবেন, ভোটার তালিকা সংক্রান্ত কাজে আপনাকে সাহায্য করবেন। আপনি ভারতের নির্বাচন কমিশনের প্রদত্ত পরিচয় পত্র দেখে বিএলও-কে শনাক্ত করতে পারবেন।

ECINET অ্যাপ বা voters.eci.gov.in –এ গিয়ে “Connect with Election Officials” ক্লিক করে ভোটার ID সাবমিট করলে আপনার এলাকার এর নাম ফোন নম্বর পেয়ে যাবেন ।

ভোটারদের গণনা ফর্ম দেওয়া, পূরণ করা আবেদনপত্র জমা নেওয়া এবং আবেদনপত্র সম্বন্ধে তদন্ত করা বিএলও-র কাজ।

**৮. ইআরও (ERO) বা নির্বাচনী নিবন্ধন আধিকারিক কে? তার কাজ কি?**
নির্বাচনী নিবন্ধন আধিকারিক বা ERO ভারতের নির্বাচন কমিশন দ্বারা নিযুক্ত আধিকারিক। একটি নির্বাচন ক্ষেত্রের ভোটার তালিকা সংক্রান্ত কাজের মূল দায়িত্ব এই আধিকারিকের উপরে ন্যস্ত। এনার অধীনে বুথ লেভেল আধিকারিক, অতিরিক্ত নির্বাচনী নিবন্ধন আধিকারিক (AERO), সুপারভাইজাররা ভোটার তালিকা সংক্রান্ত কাজ করেন।

**৯. বুথ লেভেল অফিসার বা বি এল কিভাবে ভোটারদের সাহায্য করবেন?**

- বি এল আপনার বাড়িতে আসবেন ।
- আপনাকে দুটি কপি পূর্ব পূরণ করা গণনা ফর্ম দেবেন ।
- গণনা ফর্ম পূরণে আপনাকে সহায়তা করবেন ।
- আপনার দ্বারা পূরণ করা গণনা ফর্মটি সংগ্রহ করবেন এবং আপনাকে একটি ফর্ম রশিদ হিসেবে ফেরত দেবেন।

**১০. অনলাইনে কি এনুমারেশান ফর্ম বা গণনা ফর্ম জমা করার সুবিধা আছে?**
অনলাইনে এনুমারেশান ফর্ম বা গণনা ফর্ম জমা করার সুবিধা আছে ।
মোবাইলে ECINET অ্যাপ বা voters.eci.gov.in -এর মাধ্যমে মোবাইল নম্বর এবং এপিক (EPIC) নম্বর দিয়ে এনুমারেশান ফর্ম জমা করা যাবে।

**১১. ECINET কি?**

ECINET হল ভারতের নির্বাচন কমিশনের একটি মোবাইল অ্যাপ্লিকেশন। এর মাধ্যমে একাধারে ভোটার তালিকায় নাম তোলার জন্য বা তথ্য সংশোধনের আবেদন করা যায়, ভোটকেন্দ্র সম্বন্ধে জানা যায়, অভিযোগ জানানো যায়; অন্যদিকে নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীদের সম্পর্কে তথ্য, আদর্শ আচরণবিধি লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ জানানো, ভোটগ্রহণের হার এবং নির্বাচন সংক্রান্ত এন তথ্যাদিও জানা যায়।

**১২. যারা অস্থায়ীভাবে নিজেদের বাসস্থান থেকে বাইরে আছেন তারা কিভাবে গণনা ফর্ম জমা করবেন?**
যারা অস্থায়ীভাবে নিজেদের বাসস্থান থেকে বাইরে আছেন তারা মোবাইলে ECINET অ্যাপ বা voters.eci.gov.in -এর মাধ্যমে মোবাইল নম্বর এবং এপিক নম্বর দিয়ে গণনা ফর্ম জমা করতে পারবেন।

**১৩. এনুমারেশান ফর্ম বা গণনা ফর্ম জমা করার পর একজন ভোটারের পরবর্তী করণীয় কাজ কি?**
খসড়া ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর সেই তালিকায় আপনার নাম অন্তর্ভুক্ত হয়েছে কিনা সেটা দেখে নেওয়া ভোটারের প্রধান কর্তব্য। খসড়া তালিকা প্রকাশ করার পর বুথ লেভেল অফিসারের কাছে তার প্রতিলিপি থাকবে অথবা অনলাইনে ECINET অ্যাপ বা voters.eci.gov.in -এ দেখে নিতে পারবেন আপনার নাম খসড়া তালিকায় আছে কিনা।

**১৪. খসড়া ভোটার তালিকা কোন তারিখে প্রকাশ পাবে?**

খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে **৯ই ডিসেম্বর ২০২৫**।

**১৫. একজন ভোটার কিভাবে জানবেন খসড়া তালিকায় তার নাম আছে?**

ক) বুথ লেভেল অফিসারের (BLO) এর কাছে থাকা ভোটার তালিকা থেকে।

খ) মোবাইলের ECINET অ্যাপ-এ এপিক নম্বর ব্যবহার করে।

গ) voters.eci.gov.in –এ এপিক নম্বর ব্যবহার করে নিশ্চিত হওয়া যাবে খসড়া তালিকায় নাম আছে কিনা।

ঘ) CEO West Bengal এর ওয়েবসাইটে খসড়া ভোটার তালিকায় সার্চ করে।

**১৬. খসড়া ভোটার তালিকায় নাম না থাকলে করনীয় কি?**

খসড়া তালিকায় নাম না থাকলে –

ভোটার তালিকা নাম তোলার জন্য ৬ নম্বর ফর্ম পূরণ করে সংযোজনী- ঘ এবং নথিসমেত বিএলও (BLO) - এর কাছে অথবা অনলাইনে ECINET অ্যাপ বা voters.eci.gov.in – এ জমা করা যাবে।

**১৭. ভোটার তালিকায় নতুন নাম তুলতে হলে কবে এবং কিভাবে আবেদন করা যাবে?**

নতুন নাম তুলতে ৬ নম্বর ফর্ম পূরণ করে প্রয়োজনীয় নথি সমেত ফর্মটি বুথ লেভেল আধিকারিক (BLO) এর কাছে জমা করা যাবে, অথবা অনলাইনে ECINET অ্যাপ বা voters.eci.gov.in ব্যবহার করেও ফর্ম জমা করা যাবে।